



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৩.২০.৩১

তারিখ: ২৮ পৌষ ১৪২৭

১২ জানুয়ারি ২০২১

বিষয়: মনিজা রহমান গার্লস স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা এর অধ্যক্ষ নিয়োগে অনিয়ম ও সীমাহীন দুর্নীতির প্রতিকার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার সুত্রাপুর থানাধীন মনিজা রহমান গার্লস স্কুল অ্যান্ড কলেজে জনাব লুৎফুন নাহার ১৪/০৩/২০২০ খ্রি. তারিখে অধ্যক্ষ পদে যোগদান করেন। যোগদানের তারিখে তার অভিজ্ঞতা ১০ বছর। তিনি ২০১০ সালের মে মাসে ব্রাহ্মণ শাসন মহিলা কলেজে প্রথম এম.পি.ও ভুক্ত হন। ফলে তার অধ্যক্ষ হওয়ার যোগ্যতা ছিল না। সম্পূর্ণ বেআইনিভাবে তিনি নিয়োগ পান। জনবল কাঠামো-২০১৮ মোতাবেক অধ্যক্ষ হতে ১২ বছর অভিজ্ঞতা প্রয়োজন ছিল তার অভিজ্ঞতা নাই। অধ্যক্ষ জনাব লুৎফুন নাহার ২৫/০৮/১৯৯৯ সালে ব্রাহ্মণ শাসন মহিলা কলেজ, টাংগাইলে প্রভাষক হিসেবে যোগদান করেন। গত ২০/০৮/১৯৯৯ সালে তার নিয়োগ বৈধকরণ করা হয় তিনি নিয়োগপত্র পান ২৩/০৮/১৯৯৯ তারিখ। বর্তমানে তিনি উক্ত প্রতিষ্ঠানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন। মনিজা রহমান গার্লস কলেজেও অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন। একই সাথে দুইটি কলেজ থেকে বেতন ভাতা নিচ্ছেন। তার নিয়োগের সময় ডিজির প্রতিনিধি ছিল না। বিভিন্ন সময় পত্রিকায় অধ্যক্ষ লুৎফুন নাহারের বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ ছাপানো হয়েছে।

অভিযোগগুলো তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও সহকারী পরিচালক(কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করে অভিযোগগুলো তদন্ত করে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২-১-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :


- ১) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
ঢাকা অঞ্চল, ঢাকা
- ২) সহকারী পরিচালক (কলেজ), কলেজ শাখা, মাধ্যমিক  
ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৩.২০.৩১/১(৩)

তারিখ: ২৮ পৌষ ১৪২৭  
১২ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিং বডি, মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ, সূত্রাপুর, ঢাকা;
- ২) অধ্যক্ষ, মনিজা রহমান গার্লস স্কুল এন্ড কলেজ, সূত্রাপুর, ঢাকা;
- ৩) সংরক্ষণ নথি।



১২-১-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক